

২০২১

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ‘সূর্যদীঘল বাড়ি’-কে কি প্রথাভাঙার উপন্যাস বলা যায়? যুক্তিসহ বিশ্লেষণ করে দেখাও। ১০
অথবা,
(খ) ‘যুগলবন্দী’ গল্পে কাদের-কাদের যুগলবন্দী হয়েছে উল্লেখ করে গল্পটির নামকরণ সম্পর্কে তোমার মতামত দাও। ১০
- ২। (ক) ‘তোমাকে অভিবাদন; প্রিয়তমা’ এই কবিতায় কীভাবে রাজনীতি ও রোম্যান্সের সংমিশ্রণ ঘটেছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০
অথবা,
(খ) ‘কবর’ নাটকে মুর্দা ফকীর চরিত্রটি সমকালীন রাজনীতির পরিপ্রেক্ষিতে প্রতিবাদী স্বর হয়ে উঠেছে কি না সেই সম্পর্কে আলোকপাত করো। ১০
- ৩। (ক) ‘অভিভাষণ’ প্রবন্ধে চর্যাগীতি থেকে শুরু করে বাংলা সাহিত্যের ধারাবাহিক ইতিহাসের যে পরিচয় রয়েছে তার যৌক্তিকতা কোথায় সে সম্পর্কে মন্তব্য করো। ১০
অথবা,
(খ) ‘বাঙালির আত্মপরিচয়ের সূত্রপাত’ প্রবন্ধে যে ‘সমন্বয় প্রক্রিয়া’-র কথা বলা হয়েছে, তার স্বরূপ আলোচনা করো। ১০
- ৪। (ক) ‘সূর্যদীঘল বাড়ি’ উপন্যাসে দেখা যায় কুসংস্কারের জীবন্ত চিত্র।— সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) ‘সুন্দর মানুষ’ গল্পে রবীন্দ্র-অনুষঙ্গ কীভাবে এসেছে সে বিষয়ে আলোকপাত করো। ৫
- ৫। (ক) ‘এবাদতনামা’ শব্দের অর্থ লিখে, ‘এবাদতনামা ১৩’ কবিতাটির মূল বক্তব্য নিজের ভাষায় বিবৃত করো। ৫
অথবা,
(খ) “এসব ফকির দরবেশ বড়ো ধড়িবাজ লোক হয়।” — বক্তার এই মনোভাবের কারণ কী? ৫

Please Turn Over

৬। (ক) ‘বাংলাদেশ— পালিয়ে বেড়ায় দৃষ্টি এড়ায়’ প্রবন্ধে বর্ণিত নিদারণ অভিজ্ঞতাগুলির যে-কোনো একটির বিবরণ দাও। ৫

অথবা,

(খ) খুব সংক্ষেপে লেখো দ্বিজাতিতত্ত্ব কেন ভ্রান্ত বলে মনে করা হয়েছে পাঠ্য প্রবন্ধে? দ্বি-জাতিতত্ত্বকে ভ্রান্ত বলে মনে করা হয়েছে কেন তা তোমাদের পাঠ্য প্রবন্ধটি অনুসরণে সংক্ষেপে লেখো। ৫

৭। (ক) ‘সূর্যদীঘল বাড়ি’ উপন্যাসে সাধারণ মানুষের স্বাধীনতা সম্পর্কে প্রতিক্রিয়া কীরকম ছিল? ৫

অথবা,

(খ) মহাদেব সাহার পাঠ্য কবিতাটিতে তৃতীয় বিশ্বের ছবি কীভাবে চিত্রিত হয়েছে সংক্ষেপে তার বিবরণ দাও। ৫

অথবা,

(গ) ‘মুসলমানদের স্বদেশ প্রত্যাবর্তন’ প্রবন্ধে ড. শহীদুল্লাহ কী কী অভিমত প্রকাশ করেছিলেন তা সংক্ষেপে সূত্রাকারে লেখো। ৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) হাসু মায়মুনার জন্য কী কিনেছিল?

(খ) দেশ স্বাধীন হলে চালের কত দাম হবে?

(গ) ‘কচুয়া’ শব্দের অর্থ লেখো।

(ঘ) গ্রামের ফুড কমিটির চেয়ারম্যান কে?

(ঙ) ‘স্বাধীনতা তুমি’ কবিতায় স্বাধীনতাকে কতরকমভাবে বর্ণনা করা হয়েছে?

(চ) ‘আমি কিংবদন্তীর কথা বলছি’-তে কার-কার কথা বলা হয়েছে?

(ছ) ‘জাতির পতাকা’ কে খামচে ধরেছে? তার পরিচয় দাও।

(জ) ‘সোনালী কাবিন’ বলতে কী বোঝায়?

(ঝ) “অন্ধকারে চেনা যাচ্ছে না আপনাকে।” — কাকে চেনা যাচ্ছে না?

(ঞ) ‘কবর’ নাটকটি কোথায় লেখা হয়?

(ট) “বাসি মরার গন্ধ আমি চিনি?” — বক্তা কে?

(ঠ) “এসব হাবা-গোবা লোক সঙ্গে না আনলেই পারতেন।” — কার উদ্দেশে বলা হয়েছে?

(ড) ‘অভিভাষণ’ প্রবন্ধে উল্লেখিত ঋষিকবি কে?

(ঢ) আহমদ শরীফ সংকট-সমস্যাকে কোন-কোন প্রকারে ভাগ করেছেন?

(ণ) ‘Poems of East Bengal’ কোন সালে প্রকাশিত?